# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**পরিচালকের কার্যালয়**
**কর্মচারী উন্নয়ন পরিদপ্তর**
**রহমান চেম্বার (১০ম তলা)**
**১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০**
ফোনঃ **৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।**
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com

**www.bwdb.gov.bd**

Office of the Director
Directorate of Staff Development.
Rahman Chamber (9th Floor),
12-13 Motijheel C/A, Dhaka -1000.
Phone: 9588458, 9550937 (Fax).
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.১১.০১৭.২০-৪৭৭

তারিখঃ ১৪ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২৮-০৬-২০২০ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্ব খাতভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | ক্যাটাগরী/পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূন্য পদ (টি) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ওয়ার্ক এসিস্ট্যান্ট<br>বেতন গ্রেড: ১৮<br>স্কেল: টাকা ৮৮০০-২১৩১০ | ১২৫<br>(একশত পঁচিশ) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নির্মাণ কাজে অন্যূন ০১ (এক) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

২। উপরোক্ত পদে নিয়োগের ক্ষেত্রে সময় সময় বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত জনবল নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৩। আবেদন দাখিলের শেষ তারিখ ২৮-০৭-২০২০,মঙ্গলবার (বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত)।

৪। উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

৫। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন/সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৬। আগ্রহী প্রার্থীদের কেবলমাত্র Online-এ আবেদন ফরম পূরন এবং দাখিল করতে হবে। Online-এর মাধ্যমেই পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য **(সার্ভিস চার্জ কর্তনের পর) নীট ৫০০/- ( পাঁচশত) টাকা** Payment করতে হবে। প্রার্থীকে বাপাউবো'র Online Recruitment Portal (rms.bwdb.gov.bd/orms) এ login করে Registration তথা আবেদন দাখিল করতে হবে এবং Payment সম্পন্ন করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী উক্ত Portal-এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। **কোন আবেদনপত্র সরাসরি বা আবেদনের হার্ড কপি গ্রহণ করা হবে না।**

৭। Online-এ আবেদনপত্র দাখিলের সময় চাহিত সকল তথ্য নির্ভুল ও সততার সাথে পূরণ করতে হবে। দাখিলকৃত সকল তথ্য সঠিক এবং সত্য হিসেবে বিবেচিত হবে। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে বাপাউবো'র কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সাধারণ নির্দেশাবলীঃ**

১। **Online-এ আবেদনপত্র পুরণ/দাখিল এবং পরীক্ষার ফি জমাঃ** ২৮-০৭-২০২০,তারিখ (মঙ্গলবার) বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত আবেদন দাখিল এবং পরীক্ষার ফি জমা দেয়া যাবে।

২। **বয়সসীমাঃ** ০১-০৬-২০২০ তারিখে আবেদনকারীর বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সরকারের বিদ্যমান বিধি-বিধান বা আইন বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/সার্কুলার দ্বারা বিভাগীয় প্রার্থীর সংজ্ঞা নির্ধারন হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসা পত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। **লিখিত পরীক্ষা ও প্রবেশপত্রঃ** প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। নির্ধারিত সময়ের পর প্রার্থী তার User ID & Password ব্যবহার করে ছবি, রোল নম্বর, পরীক্ষার স্থান ও তারিখ সম্বলিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

৪। **মৌখিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৫। **প্রার্থীর ছবিঃ** প্রার্থীকে অবশ্যই সাম্প্রতিক তোলা (অনধিক ০৩ মাসের মধ্যে) রঙ্গিন ছবি অন-লাইনে আপলোড করতে হবে। ছবিতে কোন কালার ব্যাকগ্রাউন্ড ব্যবহার করা যাবে না। সাদা ব্যাকগ্রাউন্ডে সুস্পষ্ট মুখ মন্ডল সম্বলিত রঙ্গিন ছবি আপলোড করতে হবে।

৬। **ডকুমেন্ট দাখিল সংক্রান্তঃ** আবেদনের সময় অন-লাইনে কোন প্রমানক ডকুমেন্ট দাখিল করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অর্থাৎ কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় এসএসসি/সমমান, এইচএসসি/ডিপ্লোমা/সমমান এবং নির্মাণ কাজে অন্যূন ০১ (এক) বৎছরের বাস্তব কর্ম অভিজ্ঞতার সমর্থনে সনদপত্র, জাতীয়তার সনদপত্রের (NID) মূল/সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদপত্রের মূল/সত্যায়িত কপি, প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি, বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং মূলকপি প্রদর্শন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হিসেবে আবেদনকারীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সংক্রান্ত যাবতীয় সনদ, গেজেট, লাল মুক্তিবার্তা বা ভারতীয় তালিকা ইত্যাদির অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও, এতিম/শারীরিক প্রতিবন্ধি, আনসার-ভিডিপি এবং উপজাতী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্রের অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

৭। **ছাড়পত্র/অনাপত্তিপত্র সংক্রান্তঃ** সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৮। **বিভাগীয় প্রার্থী সংক্রান্তঃ** বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে। উহার এক কপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

৯। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন করতে এবং আবেদন দাখিলের সকল কার্যক্রম (Payment সহ) সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

২৮/০৬/২০২০

**(মোঃ ওয়াহিদ হোসেন)**
পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.১১.০১৭.২০-৪৭৭ /১(২৫)

তারিখঃ ১৪ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২৮-০৬-২০২০ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা ।

২। প্রধান, মনিটরিং, বাপাউবো, ঢাকা।

৩। সচিব, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, কার্যক্রম/কর্মচারী/অর্থ/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা **(নিয়োগ বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে বহুল প্রচারিত ন্যূনতম ০২ টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**।

৬। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।

৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা **(নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**।

৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, কেন্দ্রীয় র‍্যাক, বাপাউবো, ঢাকা।

৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা) বাপাউবো, ঢাকা।

১০। নোটিশ বোর্ডের কপি।

১১। নথির কপি।

২৮/০৬/২০২০

**(মোঃ মতিউর রহমান)**
নির্বাহী প্রকৌশলী (নিঃ ও পঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।